# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 22-03-2025 Time: 7-35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) বিদ্যুৎ কেন্দ্রে অগ্নিকাণ্ডের জেরে লন্ডনের হিথরো বিমানবন্দরে উড়ান পরিষেবা বিপর্যস্ত হয়ে পড়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর লন্ডন সফরের সূচিতে কিছুটা পরিবর্তন করা হয়েছে।

২) লোকসভা ও বিধানসভার আসন পুনর্বিন্যাস সংক্রান্ত প্রথম বৈঠক হবে আজ চেন্নাইতে ।

৩) হাওড়ার লিলুয়ার বেলগাছিয়ায় ধসের ফলে ফাটল দেখা দেওয়ায় ২২-টি ওয়ার্ডে যে জল সংকট দেখা দিয়েছে, সেব্যাপারে পুরসভার কাছ থেকে রিপোর্ট চেয়েছে পুর ও নগরোন্নয়ন দফতর।

৪) পরিবেশ সংরক্ষণ সম্পর্কে সচেতনতার প্রসারে সারা দেশে আজ রাত ৮:৩০ টা থেকে সাড়ে নটা পর্যন্ত এই এক ঘণ্টা আর্থ আওয়ার হিসেবে পালিত হবে।

রাজ্যপাল, পৃথিবী ও প্রকৃতির জন্য এই আর্থ আওয়ার পালনের আহ্বান জানিয়েছেন।

৫) ইডেনে আজ অষ্টাদশ আইপিএল ক্রিকেটের উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন কলকাতা নাইট রাইডার্স , রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখি হবে।

৬) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি ও অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় কলকাতা সহ রাজ্যের প্রায় সব জেলাতেই ঝড় বৃষ্টি হচ্ছে।

oooooooooooooooooooooooo

বিদ্যুৎ কেন্দ্রে অগ্নিকাণ্ডের জেরে লন্ডনের হিথরো বিমানবন্দরে উড়ান পরিষেবা বিপর্যস্ত হয়ে পড়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির লন্ডন সফর সূচিতে কিছুটা পরিবর্তন করা হয়েছে। পূর্বসূচি অনুযায়ী আজ সকাল নটা দশ মিনিটে তাঁর কলকাতা থেকে লন্ডন রওনা হওয়ার কথা ছিল। কিন্তু তা পরিবর্তন করা হয়েছে । এখন রাত আটটা কুড়ি মিনিটে কলকাতা বিমানবন্দর থেকে তিনি দুবাই এর উদ্দেশ্যে যাত্রা শুরু করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। তারপরে সেখান থেকে মুখ্যমন্ত্রীর আগামীকাল লন্ডনের গ্যাটউইক বিমানবন্দরে অবতরণের কথা। আগামী ২৯ শে মার্চ তিনি কলকাতায় ফিরবেন।

oooooooooooooooooooooooo

হাওড়ার সাঁকরাইল থানা এলাকার ধূলাগড় পলি পার্কে একটি প্লাস্টিক প্যাকেজিং কারখানায় গতকাল বিকেল লাগা আগুন রাত সাড়ে তিনটে নাগাদ নিয়ন্ত্রণে আসে। দমকলের **১৫**টি গাড়ি প্রায় **১২** ঘণ্টার চেষ্টায় এই আগুন নিয়ন্ত্রণে আনে । দমকল সূত্রে জানা গেছে এখন ডাম্পিং-এর কাজ চলেছে। এখনো **১০**-টি গাড়ি সেখানে রয়েছে। অগ্নিকান্ডের হতাহতের কোনো খবর নেই, ক্ষয়ক্ষতির বিস্তারিতও জানা যায়নি।

oooooooooooooooooooooooo

উত্তরবঙ্গের গজলডোবা পর্যটন কেন্দ্র সংলগ্ন বৈকুন্ঠপুর বনাঞ্চলে দাবানলের আগুন ছড়িয়ে পড়ায় বনদপ্তর বিভিন্ন সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছে|

বনাঞ্চলের পাশাপাশি বন্যপ্রাণীদের উপরে যাতে এই আগুনের কোন প্রভাব না পরে, তা' সুনিশ্চিত করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে| আগুন নিয়ন্ত্রণে বনবস্তির বাসিন্দাদের সক্রিয় ভূমিকা নিতে বলা হয়েছে| এছাড়াও বন দপ্তর, কালিম্পং, মালবাজার সহ কয়েকটি দমকল কেন্দ্রকে সঙ্গে নিয়ে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে|

oooooooooooooooooooooooo

লোকসভা ও বিধানসভার আসন পুনর্বিন্যাস সংক্রান্ত প্রথম বৈঠক বসছে আজ চেন্নাইতে। ডিএমকে নেতা এবং মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিনের পৌরহিত্যে গুরুত্বপূর্ণ এই বৈঠকে পশ্চিমবঙ্গ ছাড়াও অন্ধ্রপ্রদেশ, কেরালা, কর্ণাটক, তেলেঙ্গানা ও ওড়িশার বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও প্রতিনিধিরা অংশ নেবেন।

এবারের বৈঠকে যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামো সহ আসন পুনর্বিন্যাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক নিয়ে আলোচনা করা হবে।

oooooooooooooooooooooo

সরকার পক্ষ থেকে ইতিবাচক ইঙ্গিত মেলায় আগামী সোম ও মঙ্গলবার ব্যাঙ্ককর্মীদের ৯ টি সংগঠনের যৌথ মঞ্চের প্রস্তাবিত ধর্মঘট আপাতত স্থগিত রাখা হয়েছে।
নতুন দিল্লিতে গতকাল United Forum of Bank Unions - UFBU এর প্রতিনিধিদের সঙ্গে Indian Banks' Association- IBA ও Department of Financial services- DFS-এর ত্রিপাক্ষিক বৈঠকের পর এই ধর্মঘট স্থগিত রাখার কথা ঘোষণা করা হয়।

UFBU এর আহ্বায়ক সুদীপ দত্ত আকাশবাণীকে জানান,এই বৈঠকে সপ্তাহে ৫ দিন ব্যাঙ্কিং পরিষেবা চালু সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। DFS-এর যুগ্ম সম্পাদক, বিষয়টি নিয়ে অর্থমন্ত্রী এবং দপ্তরের সচিবের সঙ্গে আলোচনার আশ্বাস দিয়েছেন। মুখ্য শ্রম কমিশনার'ও সরাসরি এব্যাপারে নজরদারি চালাবেন। এপ্রিলের তৃতীয় সপ্তাহে আবার তাঁরা বৈঠকে বসবেন। তারপরই পরবর্তী কর্মপন্থা স্থির করা হবে।

উল্লেখ্য, রাষ্ট্রায়ত্ত ব্যাংকে, কর্মী নিয়োগ, ৫ দিনের ব্যাঙ্কিং সহ কয়েক দফা দাবিতে UFBU-এর পক্ষ থেকে আগামী সোম ও মঙ্গল দেশ জুড়ে ব্যাঙ্ক ধর্মঘট এর ডাক দেওয়া হয়েছিল।

oooooooooooooooooooooooo

রাজ্য সরকার, চলতি মরসুমে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে এখনো পর্যন্ত

৫০ লক্ষ ৯৮ হাজার ৫৩৪ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে। ১৫ লক্ষ ২৪ হাজার ৬৩২ জন কৃষক, ১ হাজার ১০৫টি কেন্দ্রের মাধ্যমে এই ধান বিক্রয় করেছেন বলে খাদ্য ও সরবরাহ দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে।

oooooooooooooooooooooooo

বাংলার বাড়ি প্রকল্পের কাজে গতি আনতে নির্দেশ দিয়েছে। রাজ্য সরকার এই প্রকল্পের জন্য চালু হওয়া ইউনিক ডকুমেন্ট আইডেন্টিফিকেশন নম্বর যাচাই দ্রুত শেষ করতেও বলা হয়েছে। নবান্ন থেকে এই নিয়ে জেলা প্রশাসনের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন মুখ্যসচিব মনোজ পন্থ।

বর্তমানে ছয় শতাংশ বাংলার বাড়ি প্রাপকের ওই তথ্য যাচাই বাকি বলে ওই বৈঠকে জানানো হয় ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার লিলুয়ার বেল গাছিয়া এলাকায় ধ্বসের ফলে সেখানকার পদ্মপুকুর জল প্রকল্পের মূল পাইপ লাইন ফেটে যাওয়ায় ফলে ২২ টি ওয়ার্ডে যে জল সংকট দেখা দিয়েছে সে ব্যাপারে হাওড়া পুরসভার কাছ থেকে রাজ্যের পুর ও নগর উন্নয়ন দপ্তর রিপোর্ট চেয়ে পাঠিয়েছে । পুরমন্ত্রী ফিরহাদ হাকিম গতকাল পুর ভবনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, সেখানে ধ্বসে ফাটল দেখা দেওয়ার ফলে জল সরবরাহে কিছুটা সমস্যা হচ্ছে। হাওড়া পুরসভার প্রশাসককে বিষয়টি তিনি দেখতে বলেছেন । পরিস্থিতি স্বাভাবিক করার কাজ চলছে ।

গতকালও কলকাতা পুরসভার ১৫ টি জলের গাড়ি হাওড়ার ওই সব এলাকায় পাঠানো হয়েছে বলে পুর মন্ত্রী জানিয়েছেন। পাশাপাশি হাওড়া পুর সভাকে এ ব্যাপারে সব রকম সহযোগিতার আশ্বাস দিয়েছে কলকাতা পুর সভা। যুদ্ধকালীন তৎপরতায় সেখানে পাইপলাইন সরানোর কাজ চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

**আগেই জানানো হয়েছে,** হাওড়ার লিলুয়ার বেলগাছিয়া ভাগাড়ে নতুন করে ধস নামায় তা মেরামতির সময়ে জলের পাইপ লাইন ফেটে উত্তর হাওড়ার বিস্তীর্ণ এলাকায় জল সরবরাহ বন্ধ। শিবপুর বিধানসভার একাংশেও এর প্রভাব পড়েছে। গরমে তীব্র জল সংকটে পড়েছেন নাগরিকরা।

হাওড়া পুরনিগমের মুখ্য প্রশাসক ডা: সুজয় চক্রবর্তী গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, ফেটে যাওয়া জলের পাইপ লাইন দ্রুত মেরামতির কাজ এখনও সফল হয়নি। পুরনো লাইন সারাতে এখনও দু-এক দিন সময় লাগবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব জল দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে পালিত হচ্ছে দিনটি। মানুষের জীবন রক্ষায় , কৃষিজ উৎপাদনে ও দৈনন্দিন জীবনে , সভ্যতার বিকাশে জল অপরিহার্য। সেই নিরিখে জল সংরক্ষণ এর কথা তুলে ধরা হচ্ছে বিশ্ব জল দিবসে। উল্লেখ্য, রাষ্ট্র সংঘ ১৯৯৩ সালের ২২ শে মার্চ কে জল দিবস ঘোষণা করে।

এই উপলক্ষে দেশ জুড়ে বিভিন্ন কর্মসূচী হাতে নেওয়া হয়েছে।

এই উপলক্ষে পরিবেশ সংগঠন সবুজ মঞ্চের পক্ষ থেকে কলকাতা সহ বিভিন্ন জেলায় জল সংরক্ষণ ও জলের অপব্যবহার রোধে নানা প্রচার কর্মসূচি হাতে নেওয়া হয়েছে বলে পরিবেশ কর্মী ও সবুজ মঞ্চের সাধারণ সম্পাদক নব দত্ত জানিয়েছেন।

oooooooooooooooooooooo

পরিবেশ সংরক্ষণ সম্পর্কে সচেতনতার প্রসারে সারা দেশে আজ রাত ৮:৩০ টা থেকে সাড়ে নটা পর্যন্ত এই এক ঘণ্টা আর্থ আওয়ার হিসেবে পালিত হবে।

বিশ্ব সংরক্ষণের বার্তা দিতে ২০০৭ সাল থেকে প্রতিবছর বিশ্ব বন্যপ্রাণ তহবিল ডাব্লু ডাব্লু এফ এর উদ্যোগে এই আর্থ আওয়ার পালিত হয়। এর অঙ্গ হিসেবে আজ ভারতীয় সময় রাত্রি সাড়ে আটটা থেকে সাড়ে নটা পর্যন্ত সমস্ত অপ্রয়োজনীয় আলো নিভিয়ে দেওয়া হবে।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস পৃথিবী ও প্রকৃতির জন্য এই এক ঘন্টা আর্থ আওয়ার পালন করার আহ্বান জানিয়েছেন। এক্স হ্যান্দেলে এক বার্তায় তিনি বলেছেন, আর্থ আওয়ার, প্রকৃতি রক্ষা ও আগামী প্রজন্মকে সুরক্ষিত ভবিষ্যৎ উপহার দেওয়া নিশ্চিত করার দিকে একটি ছোট অথচ গুরুত্বপূর্ণ পদক্ষেপ।যুব সম্প্রদায়ের মধ্যে পৃথিবী রক্ষার চেতনা গড়ে তুলতে নিজেদেরই অনুঘটকের কাজ করতে হবে। ভবিষ্যৎ কে সুরক্ষিত রাখতে এবং এই বসুধাকে টিকিয়ে রাখতে জোটবদ্ধ হয়ে সবাইকে এগিয়ে আসার আহবান জানান তিনি।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ মাসিক বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০ তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এই অনুষ্ঠানের বিষয়ে জনসাধারণ আগামী ২৮ তারিখের মধ্যে নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০তে ডায়াল করে তাঁদের মতামত জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামেও এই মতামত জানান যাবে।

আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল , AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে এই অনুষ্ঠান । আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে।

মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

oooooooooooooooooooooo

অষ্টাদশ ইন্ডিয়ান প্রিমিয়ার লীগ ক্রিকেট আজ কলকাতার ইডেন গার্ডেন্সে শুরু হচ্ছে।উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ান কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখিই হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এই ম্যাচকে ঘিরে ঝড় বৃষ্টির পূর্বাভাস থাকলেও ক্রিকেটপ্রেমীদের মধ্যে উন্মাদনার কমতি নেই। আমাদের ক্রীড়া প্রতিনিধির একটি প্রতিবেদন,

( ভিসি- অরিজিত দত্ত )

oooooooooooooooooooooo

ইডেনে আজ আইপিএল ক্রিকেটের ম্যাচ উপলক্ষ্যে মেট্রো রেল আজ মধ্য রাত পর্যন্ত পরিষেবা দেওয়ার ব্যবস্থা করেছে। এসপ্ল্যানেড থেকে আজ দক্ষিণেশ্বর ও কবি সুভাষ এবং এস্প্ল্যানেড - হাওড়া ময়দান রুটে বিশেষ ট্রেন ছাড়বে রাত ১২ টা ১৫ মিনিটে । তবে যাত্রীরা স্মার্ট কার্ড , টোকেন , কিউ আর টিকিট শুধুমাত্র এসপ্ল্যানেড থেকেই পাবেন। এই বিশেষ পরিষেবার জন্য নির্ধারিত ভাড়ার থেকে অতিরিক্ত ১০ টাকা যাত্রীদের দিতে হবে।

এদিকে আইপিএল-এ আজ এবং যে সব দিনে ইডেন গার্ডেনে খেলা আছে, সেই দিনগুলিতে ম্যাচ শেষ হওয়ার পরে বারাসত এবং বারুইপুর অভিমুখে চক্র রেলে এক জোড়া অতিরিক্ত লোকাল ট্রেন চালাবে পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশন। রেল সূত্রের খবর, আজ, রাত ১১টা ৫৫ মিনিটে ইডেন গার্ডেন্স স্টেশন থেকে প্রথম ট্রেনটি ছেড়ে বি বা দী বাগ, বাগবাজার, কলকাতা, দমদম হয়ে ১টা নাগাদ বারাসতে পৌঁছবে। অন্য একটি ট্রেন রাত ১২টা ২ মিনিটে ইডেন গার্ডেন্স থেকে ছেড়ে প্রিন্সেপ ঘাট, মাঝেরহাট, বালিগঞ্জ হয়ে ১টা ৩২ মিনিটে বারুইপুরে পৌঁছবে।

oooooooooooooooooooo

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি ও অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় কলকাতা সহ রাজ্যের প্রায় সব জেলাতেই ঝড় বৃষ্টি হচ্ছে। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই বিক্ষিপ্তভাবে এই ঝড়বৃষ্টি হবে। কোথাও কোথাও শিলা বৃষ্টিও হতে পারে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

আলিপুর আবহাওয়া দফতরের প্রধান সোমনাথ দত্ত জানান –

(বাইট – সোমানাথ)

কলকাতায় আজ সকাল থেকেই আকাশ মেঘলা। গত রাত থেকে দফায় দফায় বৃষ্টি হচ্ছে। সকাল সাড়ে ছটা পর্যন্ত বৃষ্টির পরিমাণ ২ দশমিক পাঁচ মিলিমিটার। বৃষ্টিতে তাপমাত্রাও বেশকিছুটা কমেছে।

আলিপুরে আজ সকালে সর্ব নিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২১ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ৩ ডিগ্রী কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস।

এদিকে, পুরুলিয়ার বরাবাজার থানার বাজরা গ্রামে গতকাল বজ্রপাতে মৃত্যু হয় এক ব্যক্তির। আহত হন আরও তিন জন। স্থানীয় সূত্রে জানা গেছে বাজরা ফুটবল মাঠ সংলগ্ন এলাকায় নির্মাণের কাজ করছিলেন ওই চারজন। সেই সময় বাজ পড়লে আনন্দ মাঝি,সন্ধ্যা কালীন্দি,সুমন কালিন্দী ও নিতাই রুইদাস নামে ওই চার শ্রমিক গুরুতর আহত হন। তাদের উদ্ধার করে বরাবাজার ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে আনন্দ মাঝিকে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। অন্যদের পুরুলিয়ার দেবেন মাহাতো মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা চলছে। জেলার বলরামপুর, ঝড়বৃষ্টিতে লন্ডভন্ড। জলমগ্ন চকবাজার এলাকাও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব আবহাওয়া সংগঠন দিবসে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা- 'হাওয়া মোরগ' ।

আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ সোমনাথ দত্তের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল। অনুষ্ঠানের **প্রথম পর্ব** শোনা যাবে **আগামীকাল রবিবার** গীতাঞ্জলী ও সঞ্চয়িতায় রাত সাড়ে ৮টায়। **দ্বিতীয় পর্ব** শোনা যাবে **আগামী মঙ্গলবার** সঞ্চয়িতায় রাত সাড়ে ৮’টায়।

এই আলোচনা আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সামাজিক মাধ্যমেও পাওয়া যাবে।